

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬৩৭

৭/ আযান (الأذان)

পরিচ্ছেদঃ ৮/ বাড়িতে অন্য লোকের আযান যথেষ্ট হওয়া।

আরবী

أَخْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ، قَالَ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ عَمْرِو بْنِ سَلَمَةَ، فَقَالَ لِي أَبُو قِلَابَةَ هُوَ حَيٌّ أَفَلَا تَلْقَاهُ . قَالَ أَيُّوبُ فَلَقِيْتُهُ فَسَأَلْتُهُ فَقَالَ لَمَّا كَانَ وَقَعَةُ الْفَتْحِ بَادَرَ كُلُّ قَوْمٍ بِإِسْلَامِهِمْ فَذَهَبَ أَبِي بِإِسْلَامِ أَهْلِ حَوَائِنَا فَلَمَّا قَدِمَ اسْتَقْبَلَنَا فَقَالَ جِئْتُكُمْ وَاللَّهِ مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَقًّا فَقَالَ " صَلُّوا صَلَاةَ كَذَا فِي حِينِ كَذَا وَصَلَاةَ كَذَا فِي حِينِ كَذَا فَإِذَا حَضَرَتِ الصَّلَاةُ فَلْيُؤْذِّنْ لَكُمْ أَحَدُكُمْ وَلْيُؤَمِّمْكُمْ أَكْثَرُكُمْ قُرْآنًا " .

বাংলা

৬৩৭। ইবরাহীম ইবনু ইয়াকুব (রহঃ) ... আইয়ুব (রহঃ) আবু কিলাবা (রাঃ) থেকে, তিনি আমর ইবনু সালামা (রাঃ) থেকে বর্ণনা করেন। (আইয়ুব বলেন) আবু কিলাবা (রহঃ) আমাকে বলেছেন যে, আমর ইবনু সালামা (রহঃ) এখনও জীবিত আছেন, আপনি এখনো তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন না কেন? আইয়ুব বলেনঃ আমি গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করে তাকে জিজ্ঞাসা করি। তিনি বলেনঃ মক্কা বিজয়ের পর প্রত্যেক গোত্রই দ্রুত ইসলাম কবুল করতে আরম্ভ করে। আমাদের গোত্রের সকলের পক্ষ থেকে আমার পিতা ইসলাম কবুল করার জন্য যান। তার প্রত্যাবর্তনের সময় আমরা তাকে অভ্যর্থনা জ্ঞাপন করি। তখন তিনি বলেনঃ আল্লাহর শপথ! আমি অবশ্যই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে তোমাদের কাছে এসেছি। তিনি বললেনঃ অমুক সালাত অমুক সময়ে আদায় করবে এবং যখন সালাতের সময় উপস্থিত হবে, তোমাদের মধ্যে একজন আযান দিবে এবং তোমাদের মধ্যে যার কুরআন বেশি জানা আছে, সে ইমামতি করবে।

English

It was narrated from Ayyub, from Abu Qilabah, from 'Amr bin Salamah: "Abu Qilabah said to me (Ayyub): He ('Amr) is still alive, do you want to meet him?" I met him and asked him, and he said: "When Makkah was conquered, all the people hastened to announce their Islam. My father went to announce

the Islam of the people of our village, and when he came back we went to see him and he said: 'By Allah, I have indeed come to you from the Messenger of Allah (ﷺ)'. He said: 'Pray such and such a prayer at such and such a time, pray such and such a prayer at such and such a time. When the time for prayer comes let one of you call the Adhan and let the one who knows the most Qur'an lead the prayer.'"

ফুটনোট

সহিহ, ইরুয়াউল গালীল হাঃ ২১৩, ৩৮৪, সহিহ আবু দাউদ হাঃ ৫৯৯, ৬০২, বুখারি হাঃ ৪৩০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আইয়ুব সিখতিয়ানী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=19562>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন